**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার শিক্ষা ও স্বাস্থ্যকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে কাজ করছে।**

**(২) জে.আর.বি.টি পরিচালিত Multi Tasking Staff (গ্রুপ-ডি) পদে নিয়োগের জন্য গৃহিত পরীক্ষায় উত্তীর্ণদের নামের তালিকা আজ প্রকাশ করা হয়েছে ।**

**(৩) মেগা অয়েল পাম রোপণ অভিযান ২০২৪-এ এখন পর্যন্ত ১৭ লক্ষেরও বেশি চারা রোপণ করা হয়েছে।**

**(৪) কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া বলেছেন যে সরকার ক্রীড়াবিদ এবং কোচদের সমস্ত ধরণের সুযোগ-সুবিধা দিতে প্রতিশ্রুতিবদ্ধ ।**

************************************************

**CM-Kailashahar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার শিক্ষা ও স্বাস্থ্যকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে কাজ করছে। শিক্ষা ও স্বাস্থ্যের মানোন্নয়নের জন্য নতুন নতুন প্রকল্প ও সুযোগ সম্প্রসারণ করা হচ্ছে। আজ কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বর্ষব্যাপী প্লাটিনাম জুবিলি উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়েও জাতীয় শিক্ষানীতি চালু করা হয়েছে। সেগুলো ধীরে ধীরে বাস্তবায়িত হচ্ছে। পরবর্তী প্রজন্ম এর সুফল ভোগ করবে। রাজ্যে 'লক্ষ্য'

নামে একটি প্রকল্প চালু করা হয়েছে। রাজ্যের শিক্ষিত যুবক যুবতীরা ইউপিএসসি পরীক্ষায় আইএএস/আইপিএস এর মতো প্রশাসনিক পদ অর্জন করার জন্য এই প্রকল্প থেকে সুবিধা নিতে পারবে। এই প্রকল্পের অধীনে এই সমস্ত প্রশাসনিক পদে প্রিলিমিনারি পরীক্ষায় যারা সাফল্য লাভ করে তাদের ৫ লক্ষ ২০ হাজার আর্থিক সহায়তা দেওয়া হয়। এ পর্যন্ত ৯ জনকে লক্ষ্য প্রকল্পে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী আরো বলেন, মুখ্যমন্ত্রী বিএড অনুপ্রেরনা যোজনায় যে সমস্ত ছাত্রছাত্রীরা ব্যাঙ্ক ঋণ নিচ্ছে তার ভর্তুকী দিচ্ছে রাজ্য সরকার। এই প্রকল্পে এখন পর্যন্ত ৭৯৬ জন ছাত্রছাত্রী উপকৃত হয়েছেন। দিব্যাঙ্গজনদের উচ্চ শিক্ষা গ্রহণের জন্য উৎসাহিত করতে প্রতিমাসে ৫ হাজার টাকা ও ডিপ্লোমা কোর্সের জন্য প্রতি মাসে ৪ হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হচ্ছে। তিনি বলেন, রাজ্যে মেডিক্যাল ও এডুকেশন হাব তৈরীর চেষ্টা চলছে। এরজন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পরিকাঠামো উন্নয়নের উপরও জোর দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, বিধায়ক বীরজিৎ সিংহ, মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. পিনাকী পাল। অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের প্রাক্তন প্রয়াত অধ্যক্ষদের মরনোত্তর সম্মাননা এবং প্রাক্তন ও বর্তমান অধ্যক্ষদের সম্মাননা প্রদান করা হয়।

রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের পক্ষ থেকে ৫০ হাজার টাকার চেক ও কুমারঘাট ব্লকের কার্যালয়ের পক্ষ থেকে ১ লক্ষ টাকা চেক মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দান করা হয়। এছাড়া রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে সম্প্রতি বন্যার জলে ডুবে মৃত নীরচাৎলাল হালামের পরিবারের সদস্যদের হাতে ৩ লক্ষ ৯৮ হাজার টাকার চেক এবং বিদ্যুৎ পৃষ্ঠ হয়ে মৃত বিমল দাস চৌধুরীর পরিবারের সদস্যদের হাতে ৪ লক্ষ টাকার চেক তুলে দেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী আজ কৈলাসহর পানিচৌকি বাজারে গনেশ পূজায় যান। এখানে কৈলাসহর মার্চেন্ট অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২১ হাজার টাকা দান করা হয়।

মুখ্যমন্ত্রী আজ কৈলাসহর রামকৃষ্ণ মিশন আশ্রম পরিদর্শন করেন। মহাবিদ্যালয় ক্যাম্পাসে তিনি ফটো গ্যালারি ও মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করেন।

***************************

**JRBT Result :**

জে.আর.বি.টি পরিচালিত Multi Tasking Staff (গ্রুপ-ডি) পদে নিয়োগের জন্য গৃহিত পরীক্ষায় উত্তীর্ণদের নামের তালিকা আজ প্রকাশ করা হয়েছে। মোট ২ হাজার ৪৩৭ প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। জেআর বিটির কন্ট্রোলার ডঃ দেবমিতা কিলিকদার আজ এক বিজ্ঞপ্তিতে মেধাতালিকা প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সকল উত্তীর্ন প্রার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন এবং তাদের উজ্জ্বল ভবিষ্যতের কামনা করেছেন।

****************************

**Current Affairs :**

সারা দেশের সাথে এই মাসে রাজ্যেও পালিত হচ্ছে পোষণ মাস। রাষ্ট্রীয় পোষণ মাস কর্মসূচিতে শিশু, কিশোরী ও গর্ভবতী মায়ের পুষ্টিকর খাদ্যের পাশাপাশি স্বাস্থ্যের উন্নতিতে লক্ষ্য রাখতে যৌথভাবে কাজ করছে সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তর এবং স্বাস্থ্য দপ্তর। আজ আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের আলোচনা  অনুষ্ঠানে একথা জানালেন রাজ্য সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রাণী বিশ্বাস। তিনি জানান পোষন মাস উপলক্ষে এখন পর্যন্ত ২ লক্ষ ৯৯ হাজার ৫শ র বেশি শিশুকে পুষ্টিকর খাদ্য দেওয়া হয়েছে। এছাড়াও ১৭ হাজার ২০০ জনের বেশী গর্ভবতী মহিলা ও ৩৩ হাজার ৯০০ জনের

বেশী কিশোরীকে পুস্টিকর আহার প্রদান করা হয়েছে। তিনি বলেন রাজ্যের প্রতিটি অঙ্গনওয়ারী কেন্দ্রের পাশাপাশি পিএম জনমন প্রকল্পের অধীনে নতুন ৭৭টি কেন্দ্রে ও এই আহার দেওয়া হচ্ছে মা ও শিশুদের। তাছাড়া ১৯৩০টি কেন্দ্রে পরিশ্রুত পানীয় জল ও ১৬৭২টি কেন্দ্রে শৌচাগার তৈরি করা হয়েছে। বিভিন্ন স্থানে মহিলাদের মধ্যে রক্তাল্পতা দূর করার লক্ষ্যে শিবির করে পরিষেবা দেওয়া হচ্ছে বলে তিনি জানান। এছাড়াও শ্রীমতি বিশ্বাস বলেন,

###########Byte#########

******************************

**Press Meet-DM :**

"প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান" প্রকল্পে পশ্চিম জেলায় বসবাসরত সমস্ত রিয়াং জনজাতিদের সমস্ত সুবিধা প্রদান করা হয়েছে। আজ আগরতলায় পশ্চিম জেলার জেলা শাসক ডা. বিশাল কুমার এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, এই প্রকল্পের জন্য পশ্চিম জেলার পুরাতন আগরতলা এবং বেলবাড়ি ব্লককে চিহ্নিত করা হয়। এই ২টি ব্লক এলাকায় সমস্ত রিয়াং পরিবারকে এই প্রকল্পের সমস্ত সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে।

***************************

**PM Janman-South :**

পিএম জনমন প্রকল্পে আজ দক্ষিন জেলার শান্তিরবাজার মহকুমার দশমী রিয়াং পাড়ায় স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জলবাহিত রোগ সম্পর্কে রিয়াং জনগোষ্ঠীর লোকজনদের সচেতন করা হয়। গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য পরীক্ষা সহ অনান্য রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। দক্ষিণ জেলা হাসপাতালের চিকিৎসক সুজিত বিশ্বাস

সহ স্বাস্থ্য দপ্তরের কর্মীরা শিবিরে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ বিতরণ করেন।

****************************

**Train :**

সাম্প্রতিক ভয়াবহ বন্যায় আগরতলা থেকে উদয়পুর হয়ে বিলোনিয়া পর্যন্ত রেল লাইনের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হওয়ায় আগরতলা ও সাব্রুম এর মধ্যে ডেমো ট্রেন সার্ভিস এখনো বন্ধ রয়েছে। এই রুটে সমস্ত ট্রেন আজ ও আগামীকালের জন্য বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামীকাল সাব্রুমের পরিবর্তে আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে রওনা হবে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এ খবর জানা গেছে।

**************************

**Oil Palm Plantation :**

মেগা অয়েল পাম রোপণ অভিযান ২০২৪-এ এখন পর্যন্ত ১৭ লক্ষেরও বেশি চারা রোপণ করা হয়েছে। এই অভিযানে দেশের ১৫টি রাজ্যে ১২ হাজার হেক্টরেরও বেশি এলাকা জুড়ে পাম অয়েল চারা লাগানো হয়েছে। এই বছরের ১৫ই জুলাই ভোজ্য তেল অয়েল পাম জাতীয় মিশনের অধীনে এই উদ্যোগটি চালু করা হয়েছে।

এই প্রকল্পের লক্ষ্য দেশে তেল পাম চাষ সম্প্রসারণ করা। চলতি মাসের ১৫ তারিখ পর্যন্ত এইঅভিযান চলবে।

**********************

**Mansukh Mandabvya :**

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া বলেছেন যে সরকার ক্রীড়াবিদ এবং কোচদের সমস্ত ধরণের সুযোগ-সুবিধা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। শ্রী মান্ডভিয়া বলেন, ক্রীড়াবিদরা যাতে আরও ভালো ফলাফল করতে পারেন সেজন্য সরকার আন্তর্জাতিক

মানের ক্রীড়া পরিকাঠামো তৈরি করছে। আজ নতুনদিল্লিতে প্যারিস প্যারা অলিম্পিক থেকে ফিরে আসা অ্যাথলিটদের সংবর্ধনা দেওয়ার সময় শ্রী মান্দাভিয়া একথা বলেন। আজ স্বর্ণপদক বিজয়ী অবনী লেখারা, রৌপ্য পদক বিজয়ী মনীশ নারওয়াল ও প্রণব সোরমা এবং ব্রোঞ্জ পদক বিজয়ী মোনা আগরওয়াল, রুবিনা ফ্রান্সিস এবং রাকেশ কুমারকে আজ সম্বর্ধনা জানানো হয়। মন্ত্রী প্যারিস প্যারা অলিম্পিকে দুর্দান্ত কৃতিত্বের জন্য অ্যাথলিটদের প্রশংসা করে বলেছেন যে তারা এখন পর্যন্ত ৬টি সোনা, ৯টি রূপো এবং ১২টি ব্রোঞ্জ সহ ২৭টি পদক জিতে দেশের জন্য খ্যাতি এনেছেন এবং ইতিহাস সৃষ্টি করেছেন।

শ্যুটিং ইভেন্টে স্বর্ণপদক জয়ী অবনী লেখারা বলেছেন যে এই অলিম্পিকে তার যাত্রা গতবারের চেয়ে কঠিন ছিল।

প্যারিস প্যারা অলিম্পিকে ব্রোঞ্জ জয়ী ক্রীড়াবিদ রুবিনা ফ্রান্সিস বলেছেন যে এই যাত্রায় তিনি কখনই একা অনুভব করেননি কারণ প্রতিটি পদকের পিছনে একটি পুরো দল ছিল।

***************************

**Ganapathi puja :**

রাজধানী আগরতলাসহ রাজ্যের বিভিন্ন স্থানে গনেশ পূজার আয়োজন করা হয়েছে। গনেশ পূজা উপলক্ষে আগরতলায় উৎসব মুখর পরিবেশ। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে, কামান চৌমুহনী, জ্যাকসন গেইট সহ বিভিন্ন এলাকায় অন্যান্য বছরের মতো এবছরও ধুমধামের সঙ্গে গনেশ পূজার আয়োজন করা হয়েছে। সন্ধ্যায় মন্ডপগুলিতে দর্শনার্থীদের প্রচুর ভীড় লক্ষ্য করা গেছে।

*************************

**Ganesh Chaturthi :**

সারা দেশে আজ থেকে উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে শুরু হয়েছে গণেশ চতুর্থী উৎসব। গণেশ চতুর্থী উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী

মূর্মূ, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গণেশ চতুর্থী উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*****************************

**Heath Camp :**

গনেশ চতুর্থী উপলক্ষে আজ বিজেপি'র উদ্যোগে খয়েরপুরে এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী। স্বাস্থ্য শিবিরে চার শতাধিক রোগীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

আগরতলা পুর নিগমের ৩১নং ওয়ার্ডে বিজেপি'র উদ্যোগে প্রতাপগড়ে দু:স্থদের মধ্যে বস্ত্র বিতরন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য।

**************************

**Protest Rally :**

সারা ভারত শ্রমজীবী নারী সমন্বয় কমিটির উদ্যোগে আজ আগরতলা শহরে এক বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। সংগঠনের নেত্রী পাঞ্চালী ভট্টাচার্য জানিয়েছেন, নারী নির্যাতন বন্ধ করা, কর্মক্ষেত্রে মেয়েদের নিরাপত্তা সুনিশ্চিত করা, কলকাতার আরজি করের চিকিৎসক ছাত্রীকে নৃশংস খুনের ঘটনা দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান ইত্যাদি দাবিতে আজ এই বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়।

*************************

**Dekho Apna Desh :**

দেখো আপনা দেশ, পিপলস চয়েস 2024-এর ভোটিং এই মাসের ১৫ তারিখ পর্যন্ত খোলা থাকবে। দেশব্যাপী এই ভোটের লক্ষ্য হল সবচেয়ে পছন্দের আকর্ষণীয় পর্যটন স্থানগুলি চিহ্নিত

করতে এবং আধ্যাত্মিক, সাংস্কৃতিক ঐতিহ্য, প্রকৃতি, বন্যপ্রাণী, অ্যাডভেঞ্চার এবং অন্যান্য পাঁচটি বিভাগে পর্যটকদের উপলব্ধি বোঝার জন্য নাগরিকদের সঙ্গে জড়িত হওয়া। অন্যান্য বিভাগে ব্যক্তিগত পছন্দের জন্য ভোট দেওয়া যাবে, যা দেশের অনাবিষ্কৃত পর্যটন স্থানগুলি আবিষ্কার করতে সহায়তা করবে। চলতি বছরের মার্চ মাসে শ্রীনগরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই উদ্যোগের সূচনা করেন। এই উদ্যোগের আওতায় একজন ব্যক্তি পাঁচটি ক্যাটাগরিতে ভোট দিতে পারবেন।

এই লক্ষ্যে একটি পোর্টাল চালু করা হয়েছে। পর্যটন মন্ত্রকের ওয়েবসাইটে এই পোর্টালের ঠিকানা পাওয়া যাবে এই উদ্যোগের মাধ্যমে ২০৪৭-এর মধ্যে বিকশিত ভারতের যাত্রাপথকে সহায়তা করছে পর্যটক মন্ত্রক।

***********************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ২-০ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে। ফলে তিন পয়েন্ট পায়।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত থাকবে। দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।

***************************